

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়পুরা, নরসিংদী

স্মারক নং-০৫.৩০.৬৮৬৪.১১০.০২.৯৯৮.২৩- ৫১৮

তারিখঃ- ১৫/০৬/২০২৩ খ্রিঃ

ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সশ্রদ্ধ সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী মহোদয়ের ১৪/০৬/২০২৩ খ্রিঃ তারিখের ০৫.৩০.৬৮০০.১০৯.০৫.০৩৮.২০২২-১৯০ নং স্মারকে অনুমতি প্রদানের প্রেক্ষিতে আসন্ন ঈদ- উল- আযহা/২০২৩ খ্রিঃ উপলক্ষে নিম্নোক্ত অস্থায়ী পত্তর হাটসমূহ নিম্নে উল্লেখিত শর্তে আগামী ১৯/০৬/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্য ডাকে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। উক্ত ইজারা ডাকে অংশ গ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তিগণকে যথাসময়ে ইজারা ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ইজারা ডাকে অংশ গ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারীকে ডাক গ্রহণের সাথে সাথে ইজারা মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ সমুদয় টাকা পরিশোধ করতে হবে।

অস্থায়ী হাট বাজারের বিবরণ

ক্রমিক নং	ইউনিয়ন/ওয়ার্ড	বাজারের নাম
০১	শ্রীনগর	ভেলুয়ারচর বড়বাড়ি ঘাট সংলগ্ন মাঠে অস্থায়ী পত্তর হাট
০২		সায়দাবাদ ফেরিঘাট সংলগ্ন মাঠে অস্থায়ী পত্তর হাট
০৩	মরজাল	মরজাল বাজার সংলগ্ন মাঠে অস্থায়ী পত্তর হাট
০৪	চান্দেরকান্দি	মোহলেহ উদ্দিন সরকারের বালুর মাঠে অস্থায়ী পত্তর হাট
০৫	মিজরিচর	লক্ষীপুর আনন্দ বাজার সংলগ্ন মাঠে অস্থায়ী পত্তর হাট হাট
০৬		শান্তিপুর আনন্দ বাজার সংলগ্ন মাঠে অস্থায়ী পত্তর হাট
০৭	আমিরগঞ্জ	হাসনাবাদ পশ্চিমপাড়া ঈদগাহ মাঠ সংলগ্ন মাঠে পত্তর হাট
০৮	ডৌকারচর	ডৌকারচর আড়িয়ালখা নদীর ধারে অস্থায়ী পত্তর হাট
০৯	মহেশপুর	আলগী বাজার সংলগ্ন বালুর মাঠে অস্থায়ী পত্তর হাট


শর্তসমূহঃ

- মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার স্মারক নং-৩৩৩, তারিখঃ ১৮/০৭/২০১৯ এর নির্দেশে শিক্ষা প্রতিষ্ঠান মাঠ/বেলার মাঠ, রেল লাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটে ইত্যাদি জনগুরুত্বপূর্ণ স্থানে অস্থায়ী পত্তর হাট বসানো যাবে না।
- জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়ক হতে কমপক্ষে ৫০০ ফুট দূরে এবং অন্যান্য সড়ক হতে কমপক্ষে ৩০০ ফুট দূরে হাট বসাতে হবে।
- ইজারা মূল্য পূর্বেই পরিশোধ করতে হবে, অতিরিক্ত হারে হাঙ্গুল আদায় করা যাবে না, নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই অস্থায়ী হাটের কার্যক্রম চালানো যাবে না।
- সকল পত্তর হাটে পত্তর সুস্থতা যাচাই করার জন্য ভেটেনারি চিকিৎসক/ সার্জন এর অবস্থান নিশ্চিত করতে হবে।
- হাট বসানোর জন্য পর্যাপ্ত খোলা জায়গা নির্বাচন করতে হবে। কোন অবস্থায় বন্ধ জায়গায় হাট বসানো যাবে না। পত্তর হাটে প্রবেশের জন্য গেট (প্রবেশপথ ও বাহিরপথ) নির্দিষ্ট করতে হবে।
- ইজারাদার নিজ দায়িত্বে হাটের শৃঙ্খলা এবং হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন। জাল টাকা প্রতিরোধের ব্যবস্থা গ্রহণে ব্যাংক প্রতিনিধি ও ভেটেনারি সার্জন/প্রণী সম্পদ বিভাগের সশ্রদ্ধ লোকজনের বসার জন্য বুথ স্থাপনের ব্যবস্থা করবেন এবং কন্ট্রোলরুম প্রস্তুত করবেন।
- ইজারাদার লবণের ডিলারের সাথে যোগাযোগপূর্বক, হাটে বাধ্যতামূলকভাবে লবণের একটি বিক্রয়কেন্দ্র স্থাপন করবেন এবং হাটে আগত পণ্য ক্রেতাদের লবণ ক্রয়ে উদ্বুদ্ধ করবেন।
- হাট ইজারাদার কর্তৃক হাট বসানোর আগে মহামারি প্রতিরোধ সামগ্রী যেমন- মাস্ক, সাবান, জীবানুমুক্তকরন সামগ্রী ইত্যাদি সংগ্রহ করতে হবে। পরিষ্কার পানি সরবরাহ ও হাত ধোয়ার জন্য পর্যাপ্ত পরিমানে তরল সাবান/সাধারণ সাবানের ব্যবস্থা রাখতে হবে।
- একটি পণ্য থেকে আরেকটি পণ্য এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে ৩ (তিন) ফুট বা ২ (দুই) হাত দূরত্ব বজায় রেখে পণ্য ক্রয় করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন ডাক গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(শফিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
রায়পুরা, নরসিংদী
ফোনঃ+৮৮০২৯৪৪৮০১
ফ্যাক্সঃ+৮৮০২৯৪৪৮৩৭
মেইলঃunoraiপুরা@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুরা, নরসিংদী।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), রায়পুরা, নরসিংদী।
- ৫। উপজেলা অফিসার (সকল), রায়পুরা, নরসিংদী।
- ৬। চেয়ারম্যান.....(সকল) ইউনিয়ন পরিষদ, রায়পুরা, নরসিংদী।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস, রায়পুরা, নরসিংদী। ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৮। জনাব.....।


উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
রায়পুরা, নরসিংদী।